শৈলকুপায় করিমন উল্টে ১ জন নিহত, আহত-৪

ঝিনাইদহের শৈলকুপায় গরু বোঝায় করিমন উল্টে ১ জনের মৃত্যু হয়েছে। এ সময় আহত হয়েছে আরো ৪ জন।
গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় উপজেলার সারুটিয়া ইউনিয়নের কাতলাগাড়ী খালের ব্রীজের নিচে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, কুষ্টিয়ার খোকসা শোমসপুর বাজার থেকে গরু বেচা কেনা করে কয়েকজন ব্যাপারী গরু বোঝায় করিমন গাড়ীতে বাড়ি ফিরছিলেন, পথমধ্যে কাতলাগাড়ী খালের ভাঙ্গা ব্রীজের উপর পৌঁছালে খালে পড়ে যায়।

এ সময় ঘটনাস্থলেই বড়মৌকুড়ী গ্রামের মুন্দির শেখের ছেলে গরু ব্যবসায়ী রওশন (৪৫) নিহত হয়।
এ সময় আহত হয় চন্ডিপুর গ্রামের তোয়াজের ছেলে ফারুক (৩৫), পাথরবাড়ীয়া গ্রামের মৃত রশিদ বিশ্বাসের ছেলে উজ্জল (৩৪), চড়মৌকুড়ী গ্রামের ইবাদত মন্ডলের ছেলে সিদ্দিক (৪০) ও মনিরুল মন্ডলের ছেলে শাহিন এবং বড় মৌকুড়ী তহুরুল ইসলাম এর ছেলে জাহিদ (৩২)। আহতদের শৈলকুপা হাসপাতালে ভর্তি করা হয়েছে।

শৈলকুপা থানার অফিসার ইনচার্জ জাহাঙ্গীর হোসেন ঘটনার সত্যতা স্বীকার করেন।
এলাকাবাসীর দাবী পানি উন্নয়ন বোর্ডের অযন্ত অবহেলায় দীর্ঘদিন ধরে ব্রীজটি অকেজ হয়ে পড়ে থাকলেও কর্তৃপক্ষ আমলে নেয় না। যে কারণে প্রতিনিয়তই ঘটছে দুর্ঘটনা। দ্রুত ব্রীজটি নির্মাণের জোর দাবী জানান তারা।

গাংনীতে ইয়াবাসহ মাদক কারবারি

আটক

মেহেরপুরের গাংনী থেকে ৮০ পিচ ইয়াবাসহ সম্রাট সর্দার (২৪) নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ। এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গতকাল বৃহস্পতিবার বিকালে গাংনীর কাচারি বাজার থেকে তাকে আটক করা হয়।

আটক সম্রাট কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার বাইর মাঝি সদরঘাট গ্রামের লালু সর্দারের ছেলে। অভিযানে আরও উপস্থিত ছিলেন জেলা গোয়েন্দা পুলিশের এএসআই আহসান হাবিব।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাংনী থেকে ইয়াবাসহ এক মাদক কারবারিকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

গাংনীতে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও শ্রবণযন্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও শ্রবণযন্ত্র বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলা পরিষদের সভা কক্ষে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর উদ্যোগে প্রতিবন্ধীদের মাঝে এসব হুইল চেয়ার বিতরণ করা হয়।

হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহ নেওয়াজ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সমাজসেবা কর্মকর্তা কাজী মোঃ আবুল মনসুর। এ সময় আব্দুর রকিব মাস্টার ও আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তেঁতুলবাড়িয়া দয়েরপাড়ার আবুল কালাম বিশ্বাসের ছেলে এনামুল হক
(৪২) ও সীমান্তবর্তী খাসমহল গ্রামের স্কুলপাড়ার মিশকাত আলীর ছেলে নাজমুল হোসেন (২২) কে ২শ’৫০ গ্রাম গাঁজাসহ আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।

মেহেরপুর জেলা ডিবি পুলিশের ওসি জুলফিকার আলী জানান, দু’জন মাদক ব্যবসায়ী মাদক বিক্রির উদ্দেশ্যে তেঁতুলবাড়িয়া গ্রামের পূর্বপাড়ায় অপেক্ষা করছে।

এমন সংবাদের ভিত্তিতে ডিবির এসআই অজয় কুমার কুন্ডু সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাদের আটক করেন। এসময় তাদের কাছ থেকে ২শ’৫০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গায় হামলা, ভাঙচুরের প্রতিবাদে দু’নারীর সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গায় বাড়ির রাস্তা দখলের উদ্দেশ্যে হামলা, ভাঙচুর ও সাংবাদিকদের কাছে মিথ্যা তথ্য উপস্থাপনের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছেন আফরোজা খাতুন ও সাহিদা খাতুন নামের দুই নারী।

বৃহস্পতিবার দুপুরে চুয়াডাঙ্গা প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। অভিযোগকারীরা চুয়াডাঙ্গা শহরের কাঠপট্টি এলাকার বাসিন্দা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে দাবী করা হয়, পাশের একটি জমির সঙ্গবদ্ধ ১৫ মালিক তাদের নির্ধারিত রাস্তা ব্যবহার না করে আফরোজা খাতুন ও সাহিদা খাতুনের ব্যক্তিগত রাস্তা জোরপূর্বক ব্যবহারের জন্য পূর্ব থেকেই নানা পরিকল্পনা করে আসছে।

তারই ধারাবাহিকতায় গত ৪ ফেব্রুয়ারি বিনা উষ্কানিতে তাদের বাড়িতে হামলা চালিয়ে বাড়ির বিভিন্ন স্থান এবং সদর দরজা ভাঙচুর করে। পরবর্তিতে তারা মিথ্যা তথ্য দিয়ে সংবাদ সম্মেলন করে।

লিখিত বক্তব্যে বলা হয়েছে, আমরা দুই পরিবার আমাদের নিজ জমির দক্ষিণ পাশে যৌথভাবে ১৪ লিং জমি পথ হিসেবে ব্যবহার করে আসছি। উক্ত পথ আমাদের উভয় পরিবারের নিজ দলিলী সম্পত্তি। দলিল নং- ৩৮৬০/০৩। আমাদের জানমাল ও বাড়ীর সুরক্ষার জন্য আমরা উভয় পরিবার বাড়ির পশ্চিম পাশের অংশে নিরাপত্তা গেইট এবং দক্ষিণ পাশে প্রাচীর নির্মাণ করি।

এ অবস্থায় সম্পূর্ণ বিনা উষ্কানিতে কাঠপট্টি এলাকার আকবর আলী, তার দুই ছেলে সোহেল ও জুয়েল পূর্ব পরিকল্পনা মোতাবেক ১৫-২০ জন দুষ্কৃতিকারীকে সঙ্গে নিয়ে হাতে দেশীয় অস্ত্রশস্ত্রসহ আমাদের নিরাপত্তা গেইট ভেঙ্গে জোরপূর্বক বাড়ির ভেতরে প্রবেশ করে এবং আমার বাসার মেইন গেইটে আঘাট করে ভাঙ্গার চেষ্টা করে। পরে পকেট গেইট দিয়ে বাসার মধ্যে জোরপূর্বক প্রবেশ করে। আমি এসবের কারণ জানতে গেলে অনুপ্রবেশকারীরা (সোহেল ও জুয়েলসহ) আমাকে মারধর করে আহত করে।

দক্ষিণ পাশের প্রাচীর ভেঙ্গে গুড়িয়ে দেয়। আমাদের মেরে ফেলারও হুমকি দেয়। এই ন্যাক্কারজনক অপরাধের কারণে আমি চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের করেছি। মামলা নং- ৮, তারিখ- ০৭/০২/২০২১।

এছাড়াও চুয়াডাঙ্গার দেওয়ানী আদালতে জমি সংক্রান্ত একটি মামলা চলমান রয়েছে। বর্তমানে আমরা পরিবারের সদস্যদের নিয়ে চরম নিরাপত্তাহীনতায় ভুগছি। তারা আমার পরিবারের বিরদ্ধে বিভিন্ন অপপ্রচার চালাচ্ছে। তারা আমাদের ব্যক্তিগত জমি ষড়যন্ত্রমূলকভাবে নিজেদের দলিলে অন্তর্ভূক্ত করেছে। তাদের জমির দক্ষিণ পাশে (পূর্বনির্ধারিত) ১২ ফুট রাস্তার ব্যবহার না করে গায়ের জোরে আমাদের জমি জবর দখল করার পায়তারা করছে।

অভিযুক্ত আকবর গং আমাদের জমির সন্নিকটে জমি ক্রয়ের পর থেকেই নানাভাবে আমাদের সাথে অসৌজন্যমূলক আচরণ করে আসছে। যার প্রতিবাদ করতে গেলেই তারা নানাভাবে হুমকি-ধামকি দিয়ে থাকে।

চুয়াডাঙ্গায় জেলা হকি টুর্ণামেন্টের উদ্বোধন

মুজিব শতবর্ষ উপলক্ষে বঙ্গবন্ধু চুয়াডাঙ্গা জেলা হকি টুর্ণামেন্টের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুর চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে টুর্ণামেন্টের উদ্বোধন করেন জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

আলোর দিশারী স্পোর্টিং ক্লাবের আয়োজন এবং জেলা ক্রীড়া সংস্থার ব্যবস্থাপনায় এ টুর্ণামেন্ট অনুষ্ঠিত হচ্ছে।

শৈলকুপায় মিথ্যা মামলার বিরুদ্ধে মানব বন্ধন

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার কাঁচেরকোল ইউনিয়নের ৫নং ওয়ার্ডের সদস্য ও ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমরান মিয়া বাবুর সহ ৫জন নিরিহ গ্রাম বাসীর বিরুদ্ধে মিথ্যা ও হয়রানি মূলক মামলার তুলে নিতে এক মানব বন্ধন অনুষ্ঠিত হয়।

আজ সকাল ১১টায় স্থানীয় কচুয়া বাজারে এ মানব বন্ধন অনুষ্ঠিত হয়েছে।

মানব বন্ধনে এলাকাবাসির পক্ষে বক্তব্য রাখেন কাজী ইয়াসিন, ভুক্তভোগী ইমরানের বাবা ইদ্রিস মিয়া, মা পারুল বেগম, ভাই পলাশ মিয়া প্রমুখ।

বক্তারা তাদের বক্তব্যে দাবী করেন কথিত সাংবাদিক মনিরুজ্জামান মনির একজন চাঁদাবাজ এলাকায় বিভিন্ন ব্যাক্তি ও ব্যাবসা প্রতিষ্ঠান থেকে প্রসাশনের ভয় দেখিয়ে চাঁদা আদায় করে থাকে। তার নির্দিষ্ট কোন আয় নেই।

তারা প্রশ্ন করেন যে, স্ত্রী সন্তান নিয়ে তিনি কি ভাবে তার সংসারের খরচ চালান? তার বৈধ আয় কি? অপহরণের যে নাটক সাজানো হয়েছে তার রহস্য উন্মোচিত হয়েছে।

২ ফেব্রুয়ারী রাত ১০ টায় তিনি অপহৃত হয়েছেন মর্মে যে মামলা থানায় দায়ের করেছেন তা মিথ্যা ও বানোয়াট। সাংবাদিকের তকমা লাগিয়ে ঘটনা টি তিনি বিভিন্ন নিউজ চ্যানেল ও প্রিন্ট মিডিয়া সহ অনলাইন পত্রিকায় পরিবেশন করিয়ে বিশেষ ফায়দা নিতে চেস্টা করেছেন।

মূল ঘটনা হলো ঘটনার দিন রাতে তিনি শৈলকুপা উপজেলার ৮ নং ধলহরা চন্দ্র ইউনিয়নের ধাওড়া গ্রামে কর্মরত কিছু নির্মান শ্রমিক যাদের বাড়ী কাঁচেরকোল ইউনিয়নের বিভিন্ন গ্রামে এবং যারা ধাওড়া এলাকার মমিনের গোডাওনে রাত্রিযাপন করতো।

তাদের কাছে সে গিয়ে রাতটুকু থাকার জন্য অনুরোধ করে। এলাকার লোক বলে শ্রমিকেরা তাকে আশ্রয় দেয়। সকালে ঘুম থেকে জেগে শ্রমিকরা তাকে পায় না।

পরে তারা জানতে পারে যে মনির ওই এলাকায় রাস্তার পাশে হাত পা বাধা অবস্থায় পড়ে আছে। তিনি ওইদিন সন্ধা রাতে একটি ব্যাটারী চালিত বাহনে শৈলকুপায় গিয়েছিলেন তাও উদ্ধার করা হয়েছে। এছাড়াও তিনি মামলার আবেদনে প্রকৃত বাবার নাম উল্লেখ করেন নি।

ঝিনাইদহে এই প্রথম আদালতে আলোচিত বিয়ে

ঝিনাইদহ জেলা ও দায়রা জজ আদালতে বৃহস্পতিবার দুপুরে এক আলোচিত বিয়ে সম্পন্ন হয়। বিজ্ঞ জেলা ও দায়রা জজ আবু আহসান হাবিবের নির্দেশে ও বিয়ের শর্তে জামিন লাভ করেন নাজমুল হোসেন নামে এক ধর্ষণ মামলার আসামী।

ছেলে ও মেয়ের আত্মীয় স্বজন ও উভয় পক্ষের আইনজীবীর উপস্থিতিতে এই বিয়ে সম্পন্ন হয়। এ তথ্য নিশ্চিত করেন আসামী পক্ষের আইনজীবী

আমিনুর ইসলাম নুরুল।

তিনি জানান, গত বছরের জানুয়ারী মাসে ঝিনাইদহ শহরের কাঞ্চননগর পাড়ার জাহিদ বিশ্বাসের ছেলে নাজমুল হোসেনের বিরুদ্ধে ধর্ষণ মামলা হয়। মামলায় বলা হয় পবহাটী গ্রামের আজিজুল ইসলামের মেয়ে সুমাইয়া খাতুনকে প্রেমের সম্পর্কের সুবাদে পাশবিক নির্যাতন করে নাজমুল। এই মামলা আসামী কারাগারে ছিলেন।

এক বছর এক মাস পর ধর্ষিতার সঙ্গে ধর্ষকের বিয়ের শর্তে বৃহস্পতিবার জামিন লাভ করেন নাজমুল। জামিনের পরে আদালতেই কাজী মুফতি আরিফ বিল্লাহর উপস্থিতিতে তিন লাখ টাকার দেনমোহরে তাদের বিয়ে সম্পন্ন হয়।

বিষয়টি নিয়ে সরকার পক্ষের আইনজীবী (পিপি) এড ইসমাইল হোসেন খবরের সত্যতা স্বীকার করে জানান, বিয়ের পর খাওয়া দাওয়া শেষে কন্যা জামাইকে শ্বশুর বাড়িতে পাঠানো হয়। এ ধরণের বিয়ে ঝিনাইদহের আদালতে এই প্রথম বলে আইনজীবীরা জানান।

গাংনীতে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও শ্রবণযন্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনীতে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার ও শ্রবণযন্ত্র বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে গাংনী উপজেলা পরিষদের সভা কক্ষে জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন এর উদ্যোগে প্রতিবন্ধীদের মাঝে এসব হুইল চেয়ার বিতরণ করা হয়।

হুইল চেয়ার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সেলিম শাহ নেওয়াজ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক।

অনুষ্ঠান সঞ্চালনা করেন সমাজসেবা কর্মকর্তা কাজী মোঃ আবুল মনসুর। এসময় আব্দুর রকিব মাষ্টার ও আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান

□□□ □□□□□□□□ □□□□□□□